

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd

স্মারক নং- ৩৭.২০.০০০০.০০১.১৮.০০২.২২ (পার্ট-২)/৬৫৪(প্র)


তারিখ: ২২ ফাল্গুন ১৪৩০
০৬ মার্চ ২০২৪

অফিস আদেশ

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১.১.১ কর্মসম্পাদন সূচকে বর্ণিত উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে ব্যানবেইস এর সিটিজেন চার্টারভুক্ত তথ্য অধিকার আইন-২০০৯ অনুসারে তথ্য প্রদান” সংক্রান্ত সেবার অংশ হিসাবে এমপিওভুক্তি যাচাই এর উদ্দেশ্যে শিক্ষক তথ্য সরবরাহের জন্য একটি অনলাইনের সিস্টেম প্রস্তুত করা হয়েছে এবং সংশ্লিষ্ট সকলের জন্য উন্মুক্ত করা হয়েছে। সেবাটি ব্যানবেইস এর ওয়েবসাইটে পাওয়া যাবে এবং কার্যক্রমটি চলমান থাকবে। সেবাটি নিম্নোক্ত লিংক ব্যবহার করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

লিংক: <http://202.72.235.210/teachers database/>


(মো: কায়ছার রহমান)
পরিচালক
☎ ৪১০৬০৭৫২


ই-মেইল: director@banbeis.gov.bd

স্মারক নং- ৩৭.২০.০০০০.০০১.১৮.০০২.২২ (পার্ট-২)/৬৫৪(প্র)/৪(৭)

তারিখ: ২২ ফাল্গুন ১৪৩০
০৬ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):


- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) উপসচিব (বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভবন শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৩) উপপরিচালক (প্রশাসন), ব্যানবেইস, ঢাকা।
- ৪) সহকারী প্রোগ্রামার, ব্যানবেইস, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫) জনাব.....।
- ৬) অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক,
- ৭) অফিস কপি।


(মো: সাবের মাহমুদ)
সহকারী পরিচালক (প্রশাসন-২)
☎ ৪১০৬০৭৩১

ই-মেইল: ad2_admin@banbeis.gov.bd

“এমপিওভুক্তি যাচাই-এর জন্য শিক্ষক তথ্য সরবরাহ”
প্রসেস ম্যাপ- “বর্তমান”


T- 5 to 10 min
C- 0
V-0
P-01



২

“এমপিওভুক্তি যাচাই-এর জন্য শিক্ষক তথ্য সরবরাহ”

প্রসেস ম্যাপ- “পূর্বের”



৩

১। সেবা সহজীকরণ শিরোনাম: “এমপিওভুক্তি যাচাই এর জন্য শিক্ষক তথ্য সরবরাহ”

বিদ্যমান সমস্যা/চ্যালেঞ্জসমূহ:

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) থেকে অনলাইন শিক্ষা জরিপ কার্যক্রম প্রতিবছর পরিচালনা করা হয়ে থাকে। শিক্ষকদের MPO ভুক্তি যাচাই এর ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষকদের তথ্য শিক্ষা জরিপে বিদ্যমান কি না তা যাচাই বাছাই এর প্রয়োজন হয়। এক্ষেত্রে কোন শিক্ষকের ডাটাবেজে তথ্য আছে কি না জানতে চাইলে ব্যানবেইস এর তথ্য কর্মকর্তা বরাবর নির্দিষ্ট হার্ডকপিতে আবেদন করতে হয়। এ বিদ্যমান পদ্ধতিতে তথ্য প্রদান করতে প্রায় ১০ দিন সময় লাগে।

এছাড়া যেহেতু সরাসরি এসে আবেদন করতে হয়, সে হিসেবে আবেদনকারী যাতায়াত বিড়ান্বনাসহ আর্থিক খরচের বিষয়টি জড়িত থাকে। আবেদনকারীর আবেদন ত্রুটি থাকলে সেটি বাতিল হওয়ার পর সংশোধন করে পুনঃরায় আবেদন করলে একই ধরনের বিড়ান্বনায় পড়তে হয়।

অনুপ্রেরণার উৎস: নাগরিক সেবায় মহাপরিচালক, ব্যানবেইস মহোদয়ের উৎসাহে এই উদ্যোগটি হাতে নেওয়া হয়েছে। মন্ত্রিপরিষদ কর্তৃক ইনোভেশন ও সেবা সহজীকরণের প্রশিক্ষণ এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কাজে পথ নির্দেশক হিসেবে কাজ করছে।

কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছিল:

- কমিটির সভায় “এমপিওভুক্তি যাচাই এর জন্য শিক্ষক তথ্য সরবরাহ” বিষয়ে পর্যালোচনা করা হয় এবং সেবা সহজীকরণের ধাপ চিহ্নিত করা হয়।
- অনলাইনে যাচাই প্রক্রিয়া সম্পন্ন করা হয়।

বাস্তবায়ন চ্যালেঞ্জ কীভাবে মোকাবেলা করা হয়েছিল:

- সেবা গ্রহিতার কাছে নতুন সিস্টেমটির প্রচারণা এবং তাদের অনলাইন ভিত্তিক আবেদনে আগ্রহী করে তোলা।

টেকসই করণে গৃহীত ব্যবস্থা:

- মাঠ পর্যায়ে স্টেকহোল্ডারদের সাথে মতবিনিময় করা হয়েছে।
- সফটওয়্যারটি আইসিটি বিভাগের নিজস্ব জনবল এর মাধ্যমে প্রস্তুত করা হয়েছে এবং নিজস্ব সার্ভারে হোস্ট করা হয়েছে।

নতুন প্রসেস ম্যাপ:

- সেবা গ্রহণকারী কর্তৃক সরাসরি ব্যানবেইস এর ওয়েবসাইটস www.banbeis.gov.bd এ প্রবেশ
- MPO TEACHER VERIFY ট্যাব এ ক্লিক
- “Search by EIIN” -এ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের EIIN নম্বর টাইপ করে “Search” বাটনে ক্লিক
- Export PDF -এ ক্লিক করে ২০১৩ থেকে সর্বশেষ সাল পর্যন্ত সার্ভেকৃত শিক্ষকদের তালিকা যাবতীয় তথ্যসহ ডাউনলোড